GOVERNMENT OF WEST BENGAL
L&LR and RR&R Department
Sec: LR-A1, Br:1S, NABANNA, 6th Floor
325, Sarat Chatterjee Road, P.O-Shibpur, Howrah-711102

20-05-2025

From : The Additional Secretary to the Govt. of W.B.

To : The District Land & Land Reforms Officer, All districts.

Sub: SOP in c/w recording of FHTD through FHTD Module of e- Bhuchitra Portal.

Sir/Madam,

With reference to the above subject, this is to state that Record-of-Rights in favour of the beneficiaries of land in RR colonies is often done without a structured framework throughout the state. Having learnt that Birbhum district had implemented the work in organized way, they were requested to prepare a Standard Operating Procedure (SOP) in connection with recording of Free Hold Title Deed (FHTD) through FHTD Module in e-Bhuchitra Portal. In turn, the DL&LRO, Birbhum sent an SOP which has been endorsed by this Department.

A copy of such SOP is sent herewith with request to issue necessary directions to all concerned so that updating of RoR of all the FHTD-awardees in RR Colonies is completed in a time bound manner.

Enclo : As stated.

Yours faithfully,

Sd/-

Additional Secretary
to the Govt. of W.B.

20-05-2025

Copy forwarded to :-

1. The Director of Land Records and Surveys and Joint Land Reforms Commissioner, West Bengal, 35, Gopalnagar Road, Alipore, Kolkata- 700027 with request to provide necessary support in the FHTD module of the e-Bhuchitra portal, if required.
2. The Deputy Refugee Rehabilitation Commissioner, R.R & R Directorate, West Bengal, Karigari Bhawan, 1st Floor, B/7,

Action Area- III, Rajarhat, New Town, Kolkata- 700160 for information and taking necessary.

Additional Secretary
to the Govt. of W.B.

***N.B.- Always mention file number along with date in every further correspondence.***

## eBhuchitra পোর্টালের F.H.T.D মডিউলের মাধ্যমে F.H.T.D নথিভুক্তকরণের আদর্শ পরিচালনা পদ্ধতি (SOP)

- সর্বপ্রথম জেলা / মহুকুমা উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তর থেকে সমস্ত উদ্বাস্তু কলোনির ব্লক ভিত্তিক তালিকা সংগ্রহ করতে হবে। এই তালিকার ওপর ভিত্তি করে সমগ্র রেকর্ডিংয়ের প্রক্রিয়া দ্রুত নিষ্পত্তি করার জন্য সংশ্লিষ্ট ব্লকগুলিতে কলোনি ভিত্তিক দল গঠন করা যেতে পারে যার সদস্যরা হবেন কমপক্ষে একজন রাজস্ব আধিকারিক, সংশ্লিষ্ট রাজস্ব পরিদর্শক ও অনান্যরা।

### I. Table Work

- F.H.T.D নথিভুক্তকরণের প্রধান সমস্যা হল অধিকাংশ দলিল ও Site Plan বা Lay Out Plan (LOP), CS কিংবা RS দাগের সাপেক্ষে তৈরী । সেইজন্য আমাদের প্রথম কাজ হবে F.H.T.D-তে উল্লিখিত CS / RS দাগগুলির সাপেক্ষে LR দাগ নম্বর বাহির করা। এই ক্ষেত্রে দুই ধরণের পরিস্থিতি সামনে আসতে পারে।

1) যখন CS / RS দাগ বা সাবেক দাগগুলি LR দাগ বা হাল দাগের থেকে ভিন্ন ।

   - এই ক্ষেত্রে LOP মানচিত্রটিকে CS / RS মৌজা ম্যাপের উপর (যেটি প্রযোজ্য হবে) সুপার-ইমপোজ বা অধিষ্ঠিত করে F.H.T.D-তে উল্লিখিত LOP নম্বরগুলির সঙ্গে মিলে যাওয়া CS / RS দাগ বা সাবেক দাগগুলি নির্ণয় করতে হবে। তারপর LR মৌজা ম্যাপের উপর CS / RS মৌজা ম্যাপ সুপার-ইমপোজ বা অধিষ্ঠিত করে সংশ্লিষ্ট LR দাগ বা হাল দাগগুলি নির্ণয় করতে হবে ।

2) যখন CS / RS দাগ বা সাবেক দাগগুলি LR দাগ বা হাল দাগের থেকে অভিন্ন।

   - এই ক্ষেত্রে LOP মানচিত্রটিকে LR মৌজা ম্যাপের উপর সুপার-ইমপোজ বা অধিষ্ঠিত করে F.H.T.D-তে উল্লিখিত LOP সংখ্যাগুলির সঙ্গে মিলে যাওয়া LR দাগ বা হাল দাগগুলি নির্ণয় করতে হবে।
   - উপরিউক্ত কাজে জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের অর্ন্তগত অঙ্কন শাখা (Drawing Section)-এর সাহায্য নেওয়া যেতে পারে।

### II. Field Work

- LR দাগ বা হাল দাগ নির্ধারণের পরবর্তী ধাপ হল সরজমিন তদন্ত ।
- F.H.T.D বা নি:শর্ত পূর্ণ স্বত্ত দলিল ধারকদের LR দাগ অনুযায়ী দখল নির্ধারণের জন্য রাজস্ব পরিদর্শক এবং / অথবা আমিনের দ্বারা বিস্তারিত সরজমিন তদন্ত করাতে হবে । এক্ষেত্রে কর্তৃপক্ষ মনে করলে নিবন্ধিকৃত বেসরকারী আমিন বা পরিমাপকদের কাজে লাগাতে পারেন ।
- সরজমিন তদন্তের সময় নিম্নলিখিত নথিগুলি সংগ্রহ করা যেতে পারে -
  1) সংশ্লিষ্ট সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিককে সম্বোধন করে F.H.T.D মোতাবেক নাম নথিভুক্তকরণের আবেদনপত্র।
  2) সচিত্র পরিচয়পত্রের ফটোকপি।
  3) F.H.T.D-এর ফটোকপি।
  4) F.H.T.D-তে উল্লিখিত জমির পরিমাণ ও দখলিকৃত জমির পরিমাণের মধ্যে যেটি কম হবে সেই পরিমাণ জমিই রেকর্ড হবে - এই বক্তব্যকে মান্যতা দিয়ে আবেদনকারীর স্ব-ঘোষণাপত্র।

- ➢ সরজমিন তদন্ত সমাপনের পরে সংশ্লিষ্ট রাজস্ব পরিদর্শক এবং / অথবা আমিন Excel Format-এ একটি প্রতিবেদন প্রস্তুত করবে যা Annexure-I-এর অনুরূপ হবে এবং উপরিউক্ত নথিগুলি সমেত প্রতিবেদনটি সংশ্লিষ্ট রাজস্ব আধিকারিক বা সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের নিকট জমা দেবেন ।
- ➢ এক্ষেত্রে যদি সরজমিন তদন্তটি নিবন্ধিকৃত বেসরকারী আমিন বা পরিমাপক দিয়ে হয় তাহলে জমা করা তথ্যগুলি প্রথমে সংশ্লিষ্ট রাজস্ব পরিদর্শক এবং / অথবা আমিন যাচাই করবেন এবং পরে তা সংশ্লিষ্ট রাজস্ব আধিকারিক বা সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের নিকট জমা দেবেন ।

### III. Office Work

- ➢ সংশ্লিষ্ট রাজস্ব আধিকারিক বা সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক Excel Format-এর প্রতিবেদনে উল্লিখিত সমস্ত LR প্লট বা দাগের বিস্তারিত বিবরণ বাহির করবে এবং প্লটগুলিকে নিম্নে প্রদত্ত ফরম্যাট অনুযায়ী আলাদা করবে ।

| A | B | C | D | E | F |
|---|---|---|---|---|---|
| যে সমস্ত দাগ উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের খতিয়ানে নথিভুক্ত রয়েছে | যে সমস্ত দাগ কালেক্টরের খতিয়ান (1 নম্বর) বা অনান্য দপ্তরের খতিয়ানে নথিভুক্ত রয়েছে | যে সমস্ত দাগ বিভিন্ন রায়তের খতিয়ানে নথিভুক্ত রয়েছে | যে সমস্ত দাগে যে কোনো ধরণের পাট্টা দেওয়া হয়েছে | যে সমস্ত দাগে F.H.T.D ধারকের নাম পাট্টা হিসাবে নথিভুক্ত রয়েছে | যে সমস্ত দাগ LR রেকর্ডে এখনও ওঠেনি |

- ➢ অত:পর উপরিল্লিখিত 6টি সম্ভাবনার ক্ষেত্রে নিম্নলিখিত ভিন্ন ভিন্ন পদক্ষেপ গ্রহণ করতে হবে ।

**শর্ত A :- যদি দাগগুলি উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের খতিয়ানে নথিভুক্ত থাকে ।**

- ধাপ 1 = F.H.T.D-তে উল্লিখিত জমির তপশীল অনুযায়ী LR দাগগুলির শ্রেনী পরিবর্তন।
- ধাপ 2 = তারপর দাগগুলিকে eBhuchitra পোর্টালের F.H.T.D মডিউলে FG Case-এর মাধ্যমে কালেক্টরের খতিয়ান অর্থাৎ 1 নং খতিয়ানে স্থানান্তরিতকরণ এবং পরবর্তীকালে দাগগুলিকে FR Case-এর মাধ্যমে F.H.T.D ধারকদের নামে নথিভুক্তকরণ।
- ধাপ 3 = পরিশেষে, যদি প্রযোজ্য হয়, eBhuchitra পোর্টালের F.H.T.D মডিউলে FE Case-এর মাধ্যমে যে সমস্ত F.H.T.D-এর সময়কাল নিবন্ধিকরণের তারিখ থেকে 10 বছর অতিক্রান্ত হয়েছে সেগুলির ক্ষেত্রে R-o-R -এ উল্লিখিত মন্তব্য যথা সময়সীমা ইত্যাদির প্রত্যাহার করতে হবে ।

**শর্ত B :- যদি দাগগুলি জেলাশাসকের খতিয়ান (1 নং খতিয়ান) বা অনান্য দপ্তরের খতিয়ানে নথিভুক্ত থাকে।**

- ধাপ 1 = জেলা অথবা মহকুমা উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের অফিস থেকে সংশ্লিষ্ট জমি হস্তান্তরের নথি (তৎকালীন ভূমি ও ভূমি সংস্কার দপ্তর বা অনান্য দপ্তর থেকে তৎকালীন উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের নিকট) সংগ্রহ করতে হবে। যদি সংশ্লিষ্ট উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের অফিসে নথি না থাকে তাহলে সংশ্লিষ্ট উদ্বাস্তু কলোনির F.H.T.D সমূহ এবং অনুমোদিত LOP মানচিত্র এবং/অথবা Site Plan অলঙ্ঘনীয় বলে গণ্য হবে নাম নথিভুক্তকরণ (Record)-এর ক্ষেত্রে ।
- ধাপ 2 = এরপর পূর্বোক্ত নথিগুলির ভিত্তিতে দাগগুলি উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের খতিয়ানে নথিভুক্ত করতে হবে ।
- ধাপ 3 = অত:পর শর্ত A-এর ধাপ তিনটি অনুসরণ করতে হবে ।

**শর্ত C :- যদি দাগগুলি বিভিন্ন রায়তের খতিয়ানে নথিভুক্ত থাকে ।**

- ধাপ 1 = শুরুতেই, সংশ্লিষ্ট উদ্বাস্তু কলোনির জমি অধিগ্রহণের নথিসমূহ সংশ্লিষ্ট জমি অধিগ্রহণ দপ্তর (L.A Section) অথবা উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তর থেকে সংগ্রহ করতে হবে ।
- ধাপ 2 = এরপর প্রতিটি দাগের তথ্য পরিবর্তনের রিপোর্ট, খতিয়ানগুলির স্ক্যান করা কপি, দাগগুলির RS এবং / অথবা KB রেকর্ড প্রভৃতি বিবেচনা করে দাগগুলিতে বিদ্যমান খতিয়ানগুলির জমি হস্তান্তরের ইতিহাস যাচাই করতে হবে । তারপর একটি নির্দিষ্ট অনুমোদিত কলোনির সাপেক্ষে প্রাপ্ত জমি অধিগ্রহণের নথিগুলি বিবেচনা করে দাগগুলি রায়তদের খতিয়ান থেকে বাদ দিয়ে উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের খতিয়ানে নথিভুক্ত করতে হবে ।
- ধাপ 3 = অত:পর শর্ত A-এর ধাপ তিনটি অনুসরণ করতে হবে ।

**শর্ত D :- যদি দাগগুলিতে কোনো ধরনের পাট্টা দেওয়া হয়ে থাকে ।**

- ধাপ 1 = প্রথমে পাট্টা রেজিস্টার (রেজিস্টার VIII) এবং কম্পিউটারাইজড ল্যান্ড রেকর্ড (CLR) যাচাই করতে হবে । যদি দেখা যায় যে রেকর্ডভুক্ত পাট্টা ধারক বৈধ কিন্তু তিনি জমিটি দখল করেন না, তাহলে সংশ্লিষ্ট জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিককে অবহিত করে 1955 সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের 49(2)A ধারায় পাট্টা বাতিলের প্রক্রিয়া শুরু করা যেতে পারে এবং যদি উক্ত পদ্ধতিটি সংশ্লিষ্ট মহকুমা শাসকের দ্বারা অনুমোদিত হয়, তাহলে 1955 সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের 49(2)A ধারায় নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আদেশ মোতাবেক রেকর্ড সংশোধন করে দাগগুলি কালেক্টরের খতিয়ান অর্থাৎ 1 নং খতিয়ানে স্থানান্তরিত করতে হবে ।
- ধাপ 2 = অত:পর শর্ত B-এর ধাপগুলি অনুসরণ করতে হবে ।

**শর্ত E :- যদি দাগগুলিতে F.H.T.D ধারকের নাম পাট্টাদার হিসাবে নথিভুক্ত থাকে।**

- ধাপ 1 = কিছু ক্ষেত্রে দেখা যায় যে, eBhuchitra পোর্টালের Patta মডিউলের মাধ্যমে কিছু F.H.T.D ভুলভাবে রেকর্ড হয়েছে। এই ক্ষেত্রে, উক্ত রেকর্ডের ন্যায্যতা বজায় রাখার জন্য সংশ্লিষ্ট আধিকারিক 1955 সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের নির্ধারিত ধারার অধীনে একটি কার্যধারা (Proceedings) শুরু করবে এবং নির্ধারিত কর্তৃপক্ষের কাছ থেকে প্রয়োজনীয় অনুমোদন পাওয়ার পর রেকর্ড সংশোধন করে দাগগুলি কালেক্টরের খতিয়ান অর্থাৎ 1 নং খতিয়ানে স্থানান্তরিত করবেন ।
- ধাপ 2 = অত:পর শর্ত B-এর ধাপগুলি অনুসরণ করতে হবে ।

**শর্ত F :- যদি দাগগুলি LR রেকর্ডে এখনও আপডেট না হয়ে থাকে ।**

- ধাপ 1 = প্রথমে দাগগুলির প্রকৃত মালিকানা নিশ্চিত করার জন্য RS এবং / অথবা KB এবং / অথবা LR স্ক্যান কপি যাচাই করতে হবে। যদি পাওয়া যায়, তাহলে উপলব্ধ অফিস রেকর্ড বিবেচনা করে জমি অধিগ্রহণ এবং / অথবা জমি হস্তান্তরের নথির ভিত্তিতে দাগগুলি উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের খতিয়ানে নথিভুক্ত করতে হবে ।
- ধাপ 2 = অত:পর শর্ত A-এর ধাপ তিনটি অনুসরণ করতে হবে ।

———XXX———

• Application

প্রতি
সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক
বোলপুর শ্রীননিকেতন
বোলপুর - বীরভূম

**বিষয়ঃ-** বোলপুর আমবাগান জি.এস. কলোনির দখলীকৃত ভূমি রেকর্ড করার আবেদন পত্র।

মহাশয়,

আমার বিনীত নিবেদন এই যে আমি শ্রী/শ্রীমতী/শ্রীমত্যা
পিতা/মাতা/স্বামী – গ্রাম নূরপুর, পোষ্ট সুপুর, থানা বোলপুর, জেলা বীরভূম, পিন নং ৭৩১২০৪, উল্লিখীত ঠিকানায় আমবাগান জি.এস. কলোনীর বসবাসকারী স্থায়ী বাসিন্দা হইতেছি, বর্তমানে আমি বোলপুর আমবাগান জি.এস. কলোনীর যে ভূমির উপর বসবাস করিতেছি তাহা আমার নামে দলিল ভূক্ত সম্পত্তি হইতেছে, উল্লিখিত ভূমি আমি কমবেশি ৫৫ বছর ধরিয়া বসবাস করিয়া আসিতেছি, আজ প্রযন্ত উক্ত ভূমি নিজ নামে রেকর্ড ভূক্ত করাইতে পারি নাই, অতএব মহাশয় উল্লিখিত ভূমি যাহাতে আমার নামে রেকর্ড ভূক্ত হয় তাহার সুব্যাবস্থা করিয়া বাধিত করিবেন ।

তাং- বিনীত

প্রতি লিপি প্রদান করা হল

অতিরিক্ত জেলা শাসক মহাশয়
জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক
বীরভূম ।

ভারপ্রাপ্ত আধিকারিক,
জেলা উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তর,
সিউড়ি বীরভূম

- Self Declaration given format

প্রতি

মাননীয় অতিরিক্ত জেলা শাসক মহাশয়

ভূমি ও ভূমি সংস্কার এবং উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তর

বীরভূম ।

বিষয়ঃ- বোলপুর আমবাগান জি.এস. কলোনির দখলীকৃত ভূমি রেকর্ড করার অঙ্গীকার পত্র।

মহাশয়,

আমার বিনীত নিবেদন এই যে আমি শ্রী/শ্রীমতী/শ্রীমত্যা -

পিতা/মাতা/স্বামী - গ্রাম নূরপুর, পোষ্ট সুপুর, থানা বোলপুর, জেলা বীরভূম, পিন নং ৭৩১২০৪, উল্লিখীত ঠিকানায় আমবাগান জি.এস. কলোনীর বসবাসকারী স্থায়ী বাসিন্দা হইতেছি, আমি সুস্থচিত্তে, সরলমনে স্বীকার ও অঙ্গিকার করিতেছি যে বর্তমানে আমি বোলপুর আমবাগান জি.এস. কলোনীর যতটুকু জায়গা দখল করিয়া বসবাস করিতেছি তাহা আমার নামে দলিলভুক্ত সম্পত্তি হইতেছে/আমার খরিদা সম্পত্তি হইতেছে, দখলিত ভূমির পরিমান আমার দলিলে উল্লিখিত পরিমান হইতে কম হইলে তাহাই আমার নামে রেকর্ড নথিভুক্ত হইবে, এবং যদি দলিলে উল্লিখীত পরিমান হইতে দখলীত ভূমি বেশি হয় তা হইলে দলিল মোতাবেক রেকর্ড হইবে। তাহাতে আমি আমার উত্তরাধিকারীগন বর্তমান ও ভবিষ্যতে কোনো প্রকার ওজোর আপত্তি করিব না বা করিতে পারিব না বা কোনোপ্রকার ভূমির দাবি করিব না ।

তাং-

বিনীত

## Annexure - I

## List of F.H.T.D. Holders in respect of L.O.P. No. and corresponding L.R. Plot No.

Name of Block -

Name of Refugee Colony -

| Sl. No. | Name of the F.H.T.D. Holder with Father's/ Husband's name | Deed No. and Date | L.O.P. No. | L.O.P. Area (in acres) | Corresponding C.S. / R.S. Plot No. mentioned in F.H.T.D. | Corresponding L.R. Plot No. | L.R. Plot with breakup area (in acres) | Mouza and J.L. No. |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |